Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 27 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের নবনির্মিত ভবনের উদ্বোধন করা হয়েছে। সোমবার (২৭ মে) বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে অবস্থিত স্কুল-কলেজ কম্পাউন্ডে আনুষ্ঠানিকভাবে এ ভবনের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম এয়াকুব আলী এবং কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন প্রফেসর ড. মো: এমতাজ হোসেন, লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. এ কে এম মতিনুর রহমান, ইউট্যাব শাখা সভাপতি প্রফেসর ড. মোহা: তোজাম্মেল হোসেন, জিয়া পরিষদ শাখা সভাপতি প্রফেসর ড. মো: ফারুকুজ্জামান খান, প্রক্টর প্রফেসর ড. মো: শাহিনুজ্জামান এবং ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. মো: ওবাইদুল ইসলাম।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মো: আলীমুজ্জামান টুটুল, প্রকল্প পরিচালক ড. নওয়াব আলী খান, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) মোয়াজ্জেম হোসেন, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মো: শরিফ উদ্দিনসহ সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগের কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিক্ষকবৃন্দ ছাড়াও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ।

ইবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:31

URL: https://www.timestodaybd.com/public/campus/8301523037